তারিখ 12 FEB 2017
পৃষ্ঠা ১৬ কলাম ৪

# শতবর্ষে বোরহানউদ্দিন সরকারি মাধ্যমিক বিদ্যালয়

## দেশের সবচেয়ে বড় আয়োজনের প্রস্তুতি

**নিজস্ব প্রতিবেদক ▷**

ভোলা-২ আসনের সংসদ সদস্য আলী আজম মুকুল বলেছেন, 'দ্বীপজেলার ঐতিহ্যবাহী বোরহানউদ্দিন সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শতবর্ষ উদ্‌যাপন শুধু ভোলার নয়, সারা দেশের সবচেয়ে বড় জমকালো অনুষ্ঠানের মাধ্যমে হবে। আমাদের ভোলা তথা বাংলাদেশের রাজনীতির গর্ব মাটি ও জনমানুষের নেতা তোফায়েল আহমেদ এই শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থী ও শিক্ষক ছিলেন। এটা আমাদের জন্য সৌভাগ্য। তাঁর সহায়তা নিয়ে আমরা বর্ণাঢ্য এই আয়োজন সফল করে তুলব।' গতকাল শনিবার রাজধানীর রায়েরবাজারের শিকদার মেডিক্যাল কলেজসংলগ্ন বাসভবনে বোরহানউদ্দিন সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শতবর্ষ উদ্‌যাপন উপলক্ষে ঢাকার সমন্বয় কমিটির সভায় সংসদ সদস্য এসব কথা বলেন।

কমিটির আহ্বায়ক ও ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ওমর শরীফের সঞ্চালনায় ওই সভায় বিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থীরা অংশ নেন। অনুষ্ঠানে বোরহানউদ্দিন পৌরসভার মেয়র রফিকুল ইসলাম বলেন, 'এই প্রতিষ্ঠানের শতবর্ষ উপলক্ষে ১০ হাজারেরও বেশি সাবেক শিক্ষার্থী তিন দিনের এক উৎসবে অংশ নেবেন। এই উৎসব শুধু ভোলা নয়, সারা দেশবাসীর নজর কাড়বে।' সভায় বক্তারা জানান, বোরহানউদ্দিন সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শতর্বষ উদ্‌যাপন উপলক্ষে এরই মধ্যে রেজিস্ট্রেশন শুরু হয়েছে। বোরহানউদ্দিন শাখার ইসলামী ও জনতা ব্যাংকে দুই হাজার টাকা দিয়ে এই রেজিস্ট্রেশন করার জন্য সাবেক শিক্ষার্থীদের আহ্বান জানানো হয়। এই শতবর্ষ উদযাপন উৎসবে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ, শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদসহ বিশিষ্ট রাজনীতিক ও শিক্ষাবিদরা অংশ নেবেন বলে আশা করা হচ্ছে।